CENTRAL LIBRARY N.C.COLLEGE



**TDC (CBCS) Even Semester Exam., 2024**

# BENGALI

**( 4th Semester )**

Course No. : BNGDSC/GEC–401T

**( বিশ শতকের বাংলা সাহিত্য—১ )**

*পূর্ণমান* : ৭০

*উত্তীর্ণমান* : ২৮

*সময়* : ৩ ঘণ্টা

*পার্শ্বস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক*

## UNIT—I

১। যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : ১×৪=৪

(ক) কোন্ পত্রিকার জন্য নজরুল রাজদ্রোহের অভিযোগে কারাদণ্ড ভোগ করেছিলেন?

(খ) 'সঞ্চিতা' কাব্যগ্রন্থ কত সালে প্রকাশিত হয়েছিল?

(গ) 'জীবন বন্দনা' কবিতাটি নজরুলের কোন্ কাব্যগ্রন্থের অন্তর্গত?

(ঘ) 'মানুষ' কবিতায় কবি কাদের 'বিশ্বের সম্পদ' বলেছেন?

(ঙ) শাক্যমুনি কার নাম?

২। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ২

(ক) নজরুলকে কোন্ বিশেষ অভিধায় আখ্যায়িত করা হয়? নজরুলের প্রথম কাব্যগ্রন্থের নাম কী?

(খ) সৃষ্টি সুখের উল্লাসে নিসর্গ জগতের কী রূপান্তর কবি দেখতে পেলেন?

CENTRAL LIBRARY N.C.COLLEGE



৩। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ৮

(ক) 'আজ সৃষ্টি সুখের উল্লাসে' কবিতায় নিসর্গ-প্রকৃতির যে আন্দোলন কবি নজরুল অন্তরে উপলব্ধি করেছেন তা তোমার নিজের ভাষায় ব্যক্ত করো।

(খ) নজরুল ইসলাম রচিত 'মানুষ' কবিতার বিষয়বস্তু আলোচনা করো।

UNIT—II

৪। যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : ১×৪=৪

(ক) কুবের কোন্ গ্রামের বাসিন্দা ?

(খ) কুবের কার নৌকায় মাছ ধরতো ?

(গ) হোসেন মিয়ার বাড়ি কোথায় ?

(ঘ) মালার পিত্রালয় কোথায় ?

(ঙ) মেজবাবুর নাম কী ?

৫। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ২

(ক) কোন্ মাসে কেতুপুরে ঝড় হয়েছিল ? তাতে কুবেরের কী কী ক্ষতি হয়েছিল ?

(খ) ময়নাদ্বীপের ভয়াবহতা সম্পর্কে রাসু কী বলেছিল ?

৬। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ৮

(ক) "কুবের পদ্মানদীর মাঝি সম্প্রদায়ের প্রতিনিধি এবং একজন দোষগুণসমন্বিত ব্যক্তি মানুষও।" কুবের চরিত্রের আলোকে বিষয়টি বিশ্লেষণ করো।

(খ) মানিক বন্দ্যোপাধ্যায় রচিত 'পদ্মানদীর মাঝি' উপন্যাসে মানুষের যে সংগ্রামময় জীবনযাত্রার ছবি ফুটে উঠেছে তার বর্ণনা দাও।





UNIT—III

৭। যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : ১×৪=৪

(ক) সাজাহানের জ্যেষ্ঠ পুত্রের নাম কী ?

(খ) ঔরঙ্গজীবের ভগ্নীর নাম কী ?

(গ) নর্মদা যুদ্ধ কাদের মধ্যে হয়েছিল ?

(ঘ) 'সাজাহান' নাটকের প্রথম দৃশ্যে কোন্ স্থানের উল্লেখ আছে ?

(ঙ) বঙ্গদেশে কে বিদ্রোহ করেছিলেন ?

৮। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ২

(ক) ঔরঙ্গজীব দারাকে কোথায় বন্দী করে রেখেছিল ? সুজা কোথায় পালিয়ে গিয়েছিলেন ?

(খ) জয়সিংহ ও দিলীর খাঁ কে ছিলেন ?

৯। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ৮

(ক) ঐতিহাসিক নাটক হিসেবে 'সাজাহান' নাটকের সার্থকতা আলোচনা করো।

(খ) 'সাজাহান' নাটকের ঔরঙ্গজীব চরিত্রটি পর্যালোচনা করো।

UNIT—IV

১০। যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : ১×৪=৪

(ক) গফুর তার ষাঁড়টির কী নাম রেখেছিল ?

(খ) তর্করত্নের কাছে গফুর কী ধার চেয়েছিল ?

(গ) ক্ষেন্তির বয়স কত ?

(ঘ) তারিণী মাঝি কোন্ নদীতে খেয়া দেয় ?

(ঙ) অঞ্জনগড়ে কী কী শস্য ফলত ?

CENTRAL LIBRARY N.C.COLLEGE



১১। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ২

(ক) সহায়হরি এবং অন্নপূর্ণার যে কোনো দুই কন্যার নাম লেখো।

(খ) অঞ্জনগড়ের পাশে কোন্ নদী প্রবাহিত? কোন্ নদীতে মুখার্জি সেচের ব্যবস্থা করেছিল?

১২। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ৮

(ক) 'মহেশ' গল্পে তৎকালীন সমাজের যে ছবি ফুটে উঠেছে তা নিজের ভাষায় লেখো।

(খ) 'পুঁইমাচা' গল্পের নামকরণের সার্থকতা আলোচনা করো।

## UNIT—V

১৩। যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : ১×৪=৪

(ক) মধুসূদন দত্তের পিতার পেশা কী?

(খ) হেয়ার সাহেব কে?

(গ) সনেট কী?

(ঘ) ডিরোজিও কে?

(ঙ) 'ক্যাপটিভ্ লেডি' বই-এর রচয়িতা কে?

১৪। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ২

(ক) মধুসূদনের প্রথমা স্ত্রী এবং দ্বিতীয়া স্ত্রীর নাম লেখো।

(খ) মধুসূদন দত্তের পিতা এবং মাতার নাম কী ছিল?

১৫। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ৮

(ক) 'শ্রীমধুসূদন' নাটক অবলম্বনে তৎকালীন যুবসমাজের পরিচয় দাও।

(খ) 'শ্রীমধুসূদন' নাটকের জাহ্নবী দেবীর চরিত্রটি আলোচনা করো।

★★★